

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪০.০২৭.০২৬.২০১১--

৩৮০/৩৮৩ (৩)

তারিখ:


২২ কার্তিক ১৪২৪।
০৩ নভেম্বর ২০১৭।


পরিপত্র

বিষয় : প্রাথমিক শ্রেণীর জন্য রচিত বিভিন্ন গাইড/নোট বই/ শিক্ষা সহায়িকা নিষিদ্ধকরণ প্রসঙ্গে।

সরকার কর্তৃক ১ম হতে ৮ম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তকের গাইড/নোট বই/ শিক্ষা সহায়িকা ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এতদসত্ত্বেও প্রাথমিক শ্রেণীর জন্য রচিত ও প্রকাশিত বিভিন্ন গাইড/ নোট বই/ শিক্ষা সহায়িকা বাজারে পাওয়া যাচ্ছে ও বিক্রয় করা হচ্ছে মর্মে বিভিন্ন গোপনীয় সংস্থার প্রতিবেদন থেকে জানা যায়। এ সকল গাইড/ নোট বই/ শিক্ষা সহায়িকা ক্রয়ের জন্য মাঠ পর্যায়ের কিছু কর্মকর্তা ও শিক্ষকগণ কর্তৃক কোমলমতি ছাত্র-ছাত্রীদের বাধ্য করা হচ্ছে মর্মে অভিযোগ রয়েছে। এ ধরনের কার্যক্রম বেআইনী ও নৈতিকতা বিরোধী এবং মানসম্মত শিক্ষার অন্তরায়।

২। এহেন কার্যক্রম হতে বিরত থাকার জন্য প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকবৃন্দসহ সকলকে নির্দেশ প্রদান করা হ'ল। অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


ড: মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



২২/১১/১৭

বিতরণ কার্যার্থে :

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার..... (সকল)।
- ৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার..... (সকল)।

অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংরক্ষণ নথি।


মো: মাহবুবুর রহমান বিল্লাহ
উপ-পরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর